# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 25 June, 2025

জয়পুরহাটের আক্কেলপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) পদে থাকা মাসুদ রানাকে পদাবনতি দেওয়া হয়েছে।দুর্নীতির (ঘুসগ্রহণ) অভিযোগে বিভাগীয় মামলায় শাস্তি হিসেবে তাকে পদাবনতি দিয়ে ওসি থেকে এসআই করা হয়েছে।

জয়পুরহাটের পুলিশ সুপার (এসপি) মুহম্মদ আবদুল ওয়াহাব বিষয়টির সত্যতা নিশ্চিত করে জানান, অনেক আগের একটি বিভাগীয় মামলা ছিল।সেটার শাস্তি হয়েছে।আর কিছু নয়।

আক্কেলপুর থানা পুলিশ সূত্রে জানা যায়, পরিদর্শক মাসুদ রানাকে গত প্রায় দুই মাস আগে অফিসার ইনচার্জ (ওসি) হিসেবে আক্কেলপুর থানায় পদায়ন করা হয়।মঙ্গলবার (২৪ জুন) তাকে থানার ওসি পদ থেকে প্রত্যাহার করা হয়।এরপর ওই থানার পরিদর্শক (তদন্ত) মো. মোমিনুল ইসলাম ওসির দায়িত্ব পালন করছেন।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, মাসুদ রানা ২০১৮ সালে রংপুর ডিবিতে কর্মরত ছিলেন।রংপুরের পীরগঞ্জ থানার একটি হত্যা মামলায় তার বিরুদ্ধে ঘুসগ্রহণ, ক্ষমতার অপব্যবহার সংক্রান্ত অভিযোগে বিভাগীয় মামলা হয়।বিভাগীয় মামলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে তাকে আগামী তিন বছরের জন্য পদাবনতি দিয়ে এসআই করে দেওয়া হয়।জয়পুরহাট পুলিশ সুপারের কার্যালয়ে এ সংক্রান্ত পত্র আসার পর মাসুদ রানাকে আক্কেলপুর থানার ওসির পদ থেকে প্রত্যাহার করে নেওয়া হয়।

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:12

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758073719